



বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড

“বিদ্যুৎ ও জ্বালানি নিরাপত্তা
সর্বোচ্চ অগ্রাধিকার”

(পেট্রোবাংলার একটি কোম্পানি)

চৌহাটি, পার্বতীপুর, দিনাজপুর।

www.bcmcl.org.bd



নম্বর: ২৮.১২.০০০০.০০০.২২১.৩২.০০০২.১৮.১৮৮

তারিখ: ২০ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ
০৫ অক্টোবর ২০২৬ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি

বিষয়: বিসিএমসিএল-এর ২০০৯ সালের নিয়োগ বিজ্ঞপ্তির বিপরীতে হেলপার (কারিগরী) পদের মৌখিক পরীক্ষা গ্রহণ।

বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)-এ আউটসোর্সিং এর মাধ্যমে নিয়োজিত জনাব মোঃ সোহেল রানা ও অন্যান্য (মোট ৮৭ জন) কর্তৃক দায়েরকৃত রিট পিটিশন নং-১২৮৮/২০১৮ এর রায় অনুযায়ী বিসিএমসিএল-এর নিয়োগ বিজ্ঞপ্তি নং-বিসিএমসিএল/০২/৩২/৮৪; তারিখ: ১৮ জানুয়ারি ২০০৯ এর বিপরীতে কর্মচারী পদের নিয়োগ কার্যক্রম সম্পন্ন করার লক্ষ্যে হেলপার (কারিগরী) পদের লিখিত পরীক্ষার ফলাফলের ভিত্তিতে নিয়মানুযায়ী মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত নিম্নবর্ণিত রোল নম্বরধারী প্রার্থীদের মৌখিক পরীক্ষা নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী কোম্পানির ঢাকাস্থ লিয়াজো অফিস, পেট্রোসেন্টার (১৫ তলা), ৩ কাওরান বাজার বা/এ, ঢাকা-১২১৫ এ অনুষ্ঠিত হবে:

ক্রমিক নং	তারিখ ও বার	সময়	রোল নম্বর
১	১০ অক্টোবর ২০২৬ শনিবার	সকাল ১০:৩০ টা	৫০০৬, ৫০০৯, ৫০১১, ৫০১২, ৫০১৩, ৫০১৬, ৫০১৮, ৫০২০, ৫০৩৬, ৫০৩৯, ৫০৪৫, ৫০৪৭ = ১২ জন
২		দুপুর ০২:৩০ টা	৫০৬৬, ৫০৭২, ৫০৮৪, ৫০৯৬, ৫১১০, ৫১১১, ৫১২০, ৫১২৯, ৫১৩৪, ৫১৬০, ৫১৮২, ৫২০৭ = ১২ জন

২। মৌখিক পরীক্ষার জন্য পৃথকভাবে কোন ইন্টারভিউ কার্ড ইস্যু করা হবে না। লিখিত পরীক্ষার প্রবেশপত্রই মৌখিক পরীক্ষার প্রবেশপত্র হিসেবে গণ্য হবে।

৩। মৌখিক পরীক্ষার সময় প্রবেশপত্র অবশ্যই সঙ্গে আনতে হবে। প্রবেশপত্র ব্যতীত কোন প্রার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না। মৌখিক পরীক্ষা শুরু হওয়ার কমপক্ষে ০১ ঘণ্টা পূর্বে প্রার্থীদের আবশ্যিকভাবে পরীক্ষাস্থলে রিপোর্ট করতে হবে।

৪। নিয়োগ বিজ্ঞপ্তির শর্তাদি এবং প্রার্থীদের চাকরির আবেদনে উল্লিখিত তথ্যাদির সমর্থনে নিম্নবর্ণিত দলিলাদির মূলকপি নিম্নোক্ত ক্রমানুসারে সাজিয়ে এবং ০১ (এক) সেট সত্যায়িত ফটোকপি মৌখিক পরীক্ষা শুরুর কমপক্ষে ১ (এক) ঘণ্টা পূর্বে জুনিয়র সিলেকশন কমিটির নিকট দাখিল করতে হবে:

- সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার (যদি থাকে) সনদপত্র;
- সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র;
- আবেদনে উল্লিখিত স্থায়ী ঠিকানার সমর্থনে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান অথবা পৌরসভা/সিটি করপোরেশন-এর মেয়র বা ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র;
- জাতীয় পরিচয়পত্র অথবা জন্ম নিবন্ধন সনদপত্র;
- মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং পুত্র-কন্যার পুত্র-কন্যা হিসেবে চাকুরিপ্রার্থীর পিতা/মাতা এবং পিতা-মাতার পিতা/মাতা মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা হলে, তার ক্ষেত্রে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার যথোপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র এবং চাকুরিপ্রার্থী মুক্তিযোদ্ধা বা শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা বা পুত্র-কন্যার পুত্র-কন্যা এ মর্মে ইউনিয়ন পরিষদ-এর চেয়ারম্যান বা পৌরসভা/সিটি করপোরেশন-এর মেয়র বা ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র;
- প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে যথোপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র; এবং
- সরকারি/আধা সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তিপত্র।

৫। সকল সনদপত্র/রেকর্ডপত্রের ফটোকপি সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে।

৬। কোন ক্ষেত্রে যাচিতি কাগজপত্রাদির ঘাটতি থাকলে বা পরবর্তীতে কোন সময় প্রার্থীর যোগ্যতার ঘাটতি পাওয়া গেলে বা দুর্নীতি, অসত্য তথ্য প্রদান,

কোন জাল সনদ দাখল, অসদুপায় অবলম্বন, প্রতারণার আশ্রয় নলে বা আবেদনপত্রে গুরুতর (Substantive) ত্রুট বা ঘাটাত দেখা গেলে বা প্রদত্ত তথ্য মিথ্যা প্রমাণিত হলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যে কোন পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে।

৭। মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার ভ্রমণ ও দৈনিক ভাতা (TA/DA) প্রদান করা হবে না।

৮। অনিবার্য কারণবশতঃ কর্তৃপক্ষ মৌখিক পরীক্ষার তারিখ ও ভেন্যু পরিবর্তন/স্থগিত/বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

৯। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ বিজ্ঞপ্তি জারি করা হলো।



০৫-১০-২০২৬

মোহাম্মদ ছানা উল্লাহ

মহাব্যবস্থাপক (প্রশাসন)

ফোন : +৮৮০২৫৮৮৮৭৮৬০৮

ইমেইল : gm_admin@bcmcl.org.bd

বিতরণ: জ্ঞাতার্থে/ কার্যার্থে-

- ১। ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব), ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)।
- ২। মহাব্যবস্থাপক (প্রশাসন), প্রশাসন বিভাগ, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)।
- ৩। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি ডিপার্টমেন্ট, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)-বিজ্ঞপ্তিটি জরুরী ভিত্তিতে কোম্পানির ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
- ৪। ব্যবস্থাপক (আইটি), আইটি ডিপার্টমেন্ট, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)-বিজ্ঞপ্তিটি জরুরী ভিত্তিতে পেট্রোবাংলার ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
- ৫। নোটিশ বোর্ড, বিসিএমসিএল, দিনাজপুর।
- ৬। অফিস কপি, বিসিএমসিএল, দিনাজপুর।

